দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP 07 1999
পৃষ্ঠা 7 কলাম 9

# ঢা.বি কুয়েত মৈত্রী হলে ছাত্রীদের বিক্ষোভ, ভাঙচুর ২ শিক্ষিকাকে আটক

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় কুয়েত মৈত্রী হলের ছাত্রীরা তাদের সমস্যা সমাধানের দাবিতে গতকাল সোমবার রাতে হলে বিক্ষোভ প্রদর্শন করেছে। তারা মিছিল করে হল ভবনের জানালার কাচ ভাঙচুর করে এবং দুজন আবাসিক শিক্ষিকাকে তালাবদ্ধ করে রাখে।

জানা গেছে, হলের নষ্ট টেলিভিশন চালু, হলের গেট রাত ১০টা পর্যন্ত এবং গেস্টরুম ৮টা পর্যন্ত খোলা রাখা। টেলিফোন মেরামত করা, ডাইনিংে উন্নতমানের খাবার পরিবেশন করা, খেলার সরঞ্জাম এবং লাইব্রেরিতে যথেষ্ট বই রাখার

● এরপর - পৃষ্ঠা ২ কলাম ৪

## ঢা.বি কুয়েত মৈত্রী হলে

● প্রথম পাতার পর

দাবিতে ছাত্রীরা বিক্ষোভ মিছিল করে।

হলের প্রভোস্ট ও আবাসিক শিক্ষিকাকে একাধিকবার জানানোর পরেও সমস্যা সমাধানের উদ্যোগ না নিয়ে তারা ছাত্রীদের অপমানজনক কথাবার্তা বলেন বলে ছাত্রীরা এ প্রতিবেদককে জানান। এ ছাড়া হলে সংযুক্ত অনাবাসিক ছাত্রীরা থাকতে চাইলে কর্তৃপক্ষ বিধিবহির্ভূতভাবে তাদের কাছ থেকে প্রতি মাসে ২০০ টাকা করে অতিথি ফি কেটে রাখেন।

এর আগে গত শনিবার তারা একই দাবিতে মিছিল করে। কিন্তু হল কর্তৃপক্ষ দাবি না মেনে তাদের মিছিল করাকে কতিপয় উচ্ছৃঙ্খল ছাত্রীর অন্যায় আচরণ বলে বোর্ডে নোটিশ দেন। ফলে ছাত্রীরা ক্ষুব্ধ হয়ে গতকাল আবার মিছিল-সমাবেশ করে এবং আবাসিক শিক্ষক সালমা আখতার ও সুলতানা রাজিয়াকে তাদের অফিস কক্ষে তালাবদ্ধ করে রাখে। শেষ খবর পাওয়া পর্যন্ত হল প্রভোস্ট এবং অন্যান্য হাউস টিউটররা ছাত্রীদের সঙ্গে সমঝোতার জন্য হলে অবস্থান করছিলেন।